

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা।

নং-১৫.৫২.০০০০.০১৩.০৬.০০১.১৭- ২৩০২

তারিখ: ০৬.০৮.২০১৭


বিষয় : ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী।

তথ্য অধিদফতরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) বিষয়ে পর্যালোচনা সভা ৩১.০৭.২০১৭ তারিখ সকাল ১০:৩০ টায় প্রধান তথ্য অফিসার মহোদয়ের সভাপতিত্বে অধিদফতরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অতিরিক্ত প্রধান তথ্য অফিসার, সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রশাসন, প্রটোকল, প্রেস), উপপ্রধান তথ্য অফিসার (এফএন্ডপি, আরএন্ডআর) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মন্ত্রণালয়ের সংযুক্ত জনসংযোগ কর্মকর্তাগণ এবং শাখা কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (উপস্থিতির তালিকা সংযুক্ত)। সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় জুলাই'২০১৬-জুন'২০১৭ পর্যন্ত সবগুলো সূচকের ১০০% অগ্রগতি হয়েছে। প্রধান তথ্য অফিসার মহোদয় ২০১৭-১৮ অর্থ বছরের APA লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য সকল জনসংযোগ কর্মকর্তাদেরকে অধিক তৎপর হওয়ার নির্দেশ দেন। সভায় ২০১৭-১৮ অর্থবছরের জন্য নির্ধারিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর ৬০ জনঘন্টা প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা হয়।

সভায় অধিদফতরের প্রশিক্ষণ পরিচালক এবং অতিরিক্ত প্রধান তথ্য অফিসার জনাব ফজলে রাব্বী অধিদফতরের কর্মকর্তা-কর্মচারীদের ICT, Public Relations এবং Media Management বিষয়ে দেশীয় প্রশিক্ষণের পাশাপাশি বৈদেশিক প্রশিক্ষণের প্রয়োজনীয়তার গুরুত্ব তুলে ধরেন। বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তা কর্মচারীগণ অভিজ্ঞতা সঞ্চয় করে এবং আদর্শ উন্নত মান সম্পর্কে জেনে আরো বেশি যোগ্য, দক্ষ ও অধিকতর কার্যকর জনসংযোগ স্থাপনে সক্ষম হবেন। ফলে সরকারের জনসংযোগ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে আরো কার্যকরভাবে সম্পাদন করা সম্ভব হবে। এ বিষয়ে সভার সকল সদস্য একমত পোষণ করেন এবং এজন্য বৈদেশিক প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান তথ্য অফিসার মহোদয়কে অনুরোধ জানান। বৈদেশিক প্রশিক্ষণের ব্যয় অধিদফতরের নিজস্ব বাজেট থেকেই সংকুলান ও শুরু করা যাবে বলে সভায় জানানো হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর কর্মকর্তা কর্মচারীদের বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় প্রধান তথ্য অফিসার মহোদয় সকল জনসংযোগ কর্মকর্তাদেরকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উন্নয়ন কার্যক্রমের ওপর প্রতিমাসে কমপক্ষে ১টি করে ফিচার/নিবন্ধ লেখার নির্দেশ দেন।

  
কামরুন নাহার  
প্রধান তথ্য অফিসার  
ফোন: ৯৫৪৬০৯১  
৫৩১১

বিতরণ :

- ০১। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রশাসন, প্রটোকল, প্রেস), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০২। উপপ্রধান তথ্য অফিসার (এফএন্ডপি, আরএন্ডআর), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৩। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী।
- ০৪। সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন, সমন্বয়, প্রটোকল, প্রেসট্রেন্ডেঙ্গ, প্রেস ক্লিপিংস), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৫। ডিউটি অফিসার সংবাদকক্ষ (সকাল, বিকাল), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৬। চিফ ফিচার রাইটার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৭। সকল শাখা কর্মকর্তা, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৮। প্রধান/অতিরিক্ত প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৯। সংশ্লিষ্ট নথি।